

পূর্ত কার্যাদেশ সংশোধন করত: কাজের পরিমাণ ও গৃহীত দরের পরিবর্তন সংক্রান্ত।

পাবলিক প্রকিউরমেন্ট আইন, ২০০৬ এর যে ধারায় উক্তরূপ কার্যধারার যে বিধান আছে তাহা নিয়ে বর্ণিত হইল : ধারা-৪৯ পূর্বশর্ত হিসাবে কোনাে নেগোসিয়েশন বা দরপত্র সংশোধন না করা।

(১) ধারা-৪৮ এর অধীন দরপত্র মূল্যায়নের সময় দরপত্র মূল্যায়ন কমিটি এই মর্মে নিশ্চয়তা বিধান করিবে যেন

(ক) লটারীর মাধ্যমে কোনাে দরপত্র দাতা নির্ধারিত না হন :

তবে শর্ত থাকে যে, মাসিক দরপত্র পদ্ধতির মাধ্যমে অধিক ২ (দুই) কোটি টাকার অভ্যন্তরীণ কার্যক্রমের ক্ষেত্রে সর্বনিম্ন মূল্যায়িত দরের ক্ষমতা হইলে সর্বনিম্ন মূল্যায়িত দরদাতা নির্ণয়ের জন্য বিশেষ ক্ষেত্র হিসাবে লটারীর প্রয়োগ বিবেচনা করা যাইবে; এবং

(খ) সর্বনিম্ন মূল্যায়িত দরপত্রদাতা বা অন্য কোনাে দরপত্রদাতার সহিত কোনাে নিগোসিয়েশন করা না হয় :

তবে শর্ত থাকে যে, যদি অধিক পরিমাণে কোনাে বিভাজ্য (divisible) পণ্য (Commodities) ক্রয়ের ক্ষেত্রে সর্বনিম্ন রেসপন্সিভ দরপত্রদাতা, দরপত্র আহ্বানের সময় আংশিক পণ্য সরবরাহ করিবার শর্ত থাকিলে, দরপত্র দলিলে উল্লিখিত সমুদয় পণ্য সরবরাহের জন্য দরপত্র দাখিল না করে, তাহা হইলে প্রথমে উক্ত সর্বনিম্ন দরপত্রদাতাকে তৎকর্তৃক প্রদত্ত দরে দরপত্র দলিলে উল্লিখিত সমুদয় পণ্য সরবরাহের জন্য দরপত্র দাখিল না করে, তাহা হইলে প্রথমে উক্ত সর্বনিম্ন দরপত্রদাতাকে তৎকর্তৃক প্রদত্ত দরে দরপত্র দলিলে উল্লিখিত সমুদয় পণ্য সরবরাহের প্রস্তাব (Offer) দেওয়া যাইবে এবং উক্ত প্রস্তাবের ভিত্তিতে উক্ত দরপত্রদাতা সম্পূর্ণ পণ্য সরবরাহ করিতে অপরাগত প্রকাশ করিলে উক্ত দরপত্র দলিল অনুযায়ী অবশিষ্টপরিমাণ তথ্য সংগ্রহের জন্য পর্যায়ক্রমে রেসপন্সিভ দরদাতাগণকে সর্বনিম্ন দরপত্রদাতার উদ্বৃত্ত দরে উহা সরবরাহের জন্য প্রস্তাব দেওয়া যাইবে।

(২) উপ-দফা (১) (খ) এ যাহা কিছুই থাকুক না কেন, রেসপন্সিভ সর্বনিম্ন দায় পরিবর্তনের বিষয়ে কোনাে নেগোসিয়েশন করা যাইবে না এবং যে পরিমাণ পণ্য সরবরাহের জন্য দরপত্র আহ্বান করা হইয়াছে, উক্ত উপ-ধারার শর্তাংশে বর্ণিত পদ্ধতি অনুসরণক্রমে উহার অধিক পরিমাণ পণ্য সরবরাহ লওয়া যাইবে না।।

(৩) দরপত্র মূল্যায়ন কমিটি, চুক্তি সম্পাদনের শর্ত হিসাবে, কোনাে দরপত্র দাতাকে দরপত্র দলিলে অন্তর্ভুক্ত হয় নাই এমন কোনাে দায়িত্ব পালন এবং দরপত্রে উল্লিখিত মূল্য পরিবর্তন বা দরপত্রের অন্য কোনো শর্ত সংশোধনের জন্য নির্দেশ দিতে পারিবে না।